দৈনিক বাংলা

তারিখ ২৬।২।৮৭
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

079

449

হয়তো হলি ফ্যামিলিতেই থাকতে হবে

ঢাকা বিশ্ববিদ্যালয় শেষ পর্বের পরীক্ষা ডিসেম্বর মাস থেকে পিছিয়ে ফেব্রুয়ারীর দু' তারিখে নেয়া হয়. তার পর আবার ফেব্রুয়ারী থেকে মার্চ মাসের দু' তারিখে। এখন আবার কর্মচারী ধর্মঘট, লাইব্রেরী বন্ধ ইত্যাদি কারণে শোনা যাচ্ছে যে এ তারিখেও নাকি পরীক্ষা হবে না। তবে সঠিক তারিখও কর্তৃপক্ষ দিতে পারছেন না।

এ প্রসঙ্গে জনৈকা মহিলা আত্মীয়ার কথা বলছি। ভদ্র মহিলার নাকি বাচচা হবে। তিনি হিসাব করে বললেন, ফেব্রুয়ারীতে পরীক্ষা হলে কোন অসুবিধা হবে না। কিন্তু পরীক্ষা যখন মার্চ মাসের দুই তারিখে চলে গেলো তখন তিনি একটু বিচলিত হলেন। এবং বললেন যে তাকে পরীক্ষা দিতে হলে অনেক কষ্ট করে এখনই পড়াশোনা করতে হবে। পরীক্ষার পরপরই বাচচা হলে তেমন ক্ষতি হবে না। কিন্তু যদি পরীক্ষা আবার অনিশ্চিতভাবে পিছিয়ে যায় তাহলে হয়তো পরীক্ষার সময় তাকে হলিফ্যামিলীতেই থাকতে হবে। তাহলে পরীক্ষা কে দেবে? অতএব, তার জীবনে হয়তো এম এ পরীক্ষা আর নাও দেয়া হতে পারে।

—মোঃ শাহজাদা
৩৩০, জহুরুল হক হল,
ঢাকা বিশ্ববিদ্যালয়
ক্ষণিকা, আগারগাঁ, ঢাকা-১৫।